120

দৈনিক ইত্তেফাক

তারিখ 31 MAR 1998
পৃষ্ঠা ১ কলাম ২

# রাজশাহীর ৫ হাজার ছাত্র এসএসসি পরীক্ষা দিতে পারিতেছে না

রাজশাহী অফিস ॥ আগামী ১৬ই এপ্রিল হইতে অনুষ্ঠিতব্য ১৯৯৮ সালের এসএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের প্রায় পাঁচ হাজার পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারিতেছে না। শিক্ষা বোর্ডের এক শ্রেণীর অসাধু কর্মচারীর সহায়তায় বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকেরা ভুয়া রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করিয়া প্রবেশপত্র উঠাইবার পূর্বে এই কারসাজি ধরা পড়িয়াছে। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের প্রবেশপত্র প্রেরণ না করার জন্য কেন্দ্রীয় কম্পিউটার কেন্দ্রের কাছে নির্দেশ পাঠাইয়াছেন। কাগজপত্র পরীক্ষা করিয়া

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা দিতে পারিতেছে না

*(প্রথম পৃঃ পর)*

দেখা যায়; ১৯৯৪-৯৫ সালের রেজিস্ট্রেশন নম্বর এবারের অনেক পরীক্ষার্থীর নামে রহিয়াছে। নম্বর এক নাম ভিন্ন। ভুয়া রেজিস্ট্রেশনের কারণে তাহারা প্রবেশপত্র পাইবে না। পরীক্ষার কাগজপত্র দেখার জন্য বোর্ড ৮টি সাব-কমিটি গঠন করিয়াছে। এ সম্পর্কে চেয়ারম্যানের চলতি দায়িত্বে কর্মরত শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর শামসুল আলমের কাছে জানিতে চাওয়া হইলে তিনি জানান, এ ব্যাপারে তিনি অবগত নহেন। তবে ইহা বলা যায়, পরীক্ষা সংক্রান্ত কোন কাগজপত্রে কারসাজি দেখা গেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে প্রবেশপত্র দেওয়া হইবে না।

রাজশাহী শিক্ষা বোর্ডের অন্য একটি সূত্র জানায়, এই শিক্ষা বোর্ডের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি প্রবেশ করিয়াছে। ১৯৯৭ সালের এইচএসসি পরীক্ষায় অসংখ্য ভুয়া রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের সন্ধান পাওয়া যায়। ইহার জের এখনও চলিতেছে।

রাজশাহী শিক্ষা বোর্ড হইতে চলতি বৎসর বিজ্ঞান ও মানবিকে সর্বমোট ২ লক্ষ ১২ হাজার পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করিতেছে।